

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

www.publiclibrary.gov.bd, Fax # 58611775

১৫ আগস্ট ২০১৭ উপলক্ষে রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা।

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৭ উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে রচনা ও ছড়া/কবিতা আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে নিম্নোক্ত বিষয়সমূহের উপর প্রাথমিক অংশগ্রহণকারীদের কাছ থেকে রচনা আহ্বান করা হচ্ছে :

ক) রচনা প্রতিযোগিতা :

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	শিশুদের প্রিয় বন্ধু বঙ্গবন্ধু	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধুর রাজনৈতিক আদর্শ	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বঙ্গবন্ধু বাঙালি জাতির অহংকার	১৮০০

খ) ছড়া/আবৃত্তি প্রতিযোগিতা :

- ১। গ্রুপ-‘ক’ (প্রথম-চতুর্থ শ্রেণি পর্যন্ত)
২। গ্রুপ-‘খ’ (পঞ্চম-অষ্টম শ্রেণি পর্যন্ত)

রচনা জমা দেয়ার বিষয়ে জ্ঞাতব্য : রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা অফিসে এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ১৩.০৮.২০১৭।

ছড়া/কবিতা আবৃত্তি প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : ছড়া/কবিতা আবৃত্তি প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা ১৩.০৮.২০১৭ তারিখ বিকেল ৩.০০ টায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলায় সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারে ১৬.০৮.২০১৭ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে।

শর্তাবলী :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৫. আবৃত্তির বিষয় বঙ্গবন্ধু সংশ্লিষ্ট হতে হবে এবং ছড়া ও কবিতা উভয়ই আবৃত্তি করা যাবে।

(আশীষ কুমার সরকার)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৬৭১২৩৪

e-mail:dg.dpl.2012@gmail.com